

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৯৫.০৯৫.২০১৬-৬৯০

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪
৩১ মে, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব শিহাব উদ্দিন ছাকিব এর বিরুদ্ধে মে, ২০১৬ হতে জানুয়ারি, ২০১৭ পর্যন্ত ৯ (নয়)টি মাসিক সাধারণ সভায় এবং কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি বিভাগীয় কমিশনার, সিলেট এর তদন্ত প্রতিবেদনে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর এহেন কর্মকান্ড উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণযোগ্য অপরাধ এবং পরিষদ ও রাত্রে স্বার্থের হানিকর যা উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধের শামিল;

যেহেতু, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধে তাঁকে বিদ্যমান আইন/বিধি মোতাবেক আত্মপক্ষ সমর্থনের জন্য কারণ দর্শানো নোটিশ জারী করে তাঁর দাপ্তরিক ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে দু'বার প্রেরণ করা হয়;


যেহেতু, উক্ত পত্র প্রাপক কর্তৃক গৃহীত না হয়ে ডাক বিভাগ হতে ফেরত আসে এবং প্রাপক বিদেশ মর্মে ফেরত ডাকে/খামে উল্লেখ করা হয়;

যেহেতু, একজন নির্বাচিত জনপ্রতিনিধি হয়েও ধারাবাহিকভাবে পরিষদে অনুপস্থিত থাকায় উপজেলা পরিষদের দাপ্তরিক কর্মকান্ড ব্যাহত হয়েছে;

সেহেতু, এহেন কর্মকান্ডের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হিসেবে তাঁর দ্বারা উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ (২) নং ধারার বিধান বলে সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(চ) ধারার অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুসারে হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব শিহাব উদ্দিন ছাকিবকে ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণপূর্বক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদটি শূণ্য ঘোষণা করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০


e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৯৫.০৯৫.২০১৬-৬৯০

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪
৩১ মে, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্ধারিত সময়ে শূণ্য আসনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
৫. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), বাহুবল, উপজেলা পরিষদ, হবিগঞ্জ।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
১৩. জনাব শিহাব উদ্দিন ছাকিব, ভাইস চেয়ারম্যান (অপসারণকৃত), বাহুবল উপজেলা পরিষদ, হবিগঞ্জ।
১৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব